# খেয়া

স্থাপিত - ১৯৯২

**বালিগঞ্জ জগদ্বন্ধু ইনসটিটিউশন অ্যালমনি অ্যাসোসিয়েশন**

২৫, ফার্ন রোড, কলকাতা - ৭০০ ০১৯

রেজি নং *S/73377 under WB Act XXVI of 1961*



e-mail : jbi.alumni.1914@gmail.com
Website : www.jagadbandhualumni.com
Facebook : www.facebook.com/jbialumni
**Blog : http://jagadbandhualumni.com/wordpress/**



*সভাপতি* সুধীরঞ্জন সেনগুপ্ত '৬৬
*সাধারণ সম্পাদক* সন্দীপ চট্টোপাধ্যায় '৮৫
*পত্রিকা সম্পাদক* সুকমল ঘোষ '৬৯



**RNI No.WBBEN/2010/32438•Regd.No.:KOL RMS/426/2017-2019**

• Vol 07 • Issue 12 • 15 December 2018 • Price Rs. 2.00 •


## বালিগঞ্জ জগদ্বন্ধু ইনসটিটিউশন অ্যালমনি অ্যাসোসিয়েশনের সমস্ত প্রাক্তনীদের কাছে আবেদন

# পিকনিক ২০১৯

**১৩ জানুয়ারি ২০১৯, রবিবার**

## সীতাকুণ্ড, বারুইপুর -

জগদ্বন্ধু প্রাক্তনী পরিবারের বহু আকাঙ্ক্ষিত পিকনিক। প্রাচীরঘেরা বাগানবাড়ি। গাছগাছালি, সাজানো জলাশয়, জলে ভ্রমণের জন্য বোটিং-এর ব্যবস্থা। এখনই আপনার নাম নথিভুক্ত করান।

■ মাথাপিছু ৬০০/-। দম্পতি ১১০০/-। ২০১৫-র পর পাস-করা ছাত্রদের জন্য ৪৫০/-। ১০ বছরের নীচে শিশুদের ৪০০/-। ৩ বছর পর্যন্ত শিশু ফ্রি। বাচ্চা সহ দম্পতি আর ড্রাইভারের জন্য বিশেষ ছাড়।

■ নথিভুক্ত হতে আসুন - অ্যালমনি অফিস (স্কুলে) বুধবার সন্ধেবেলা ৭-৩০ থেকে ৯-৩০টা এবং রবিবার সকাল ১১টা থেকে ১টা।

যারা এসে উঠতে পারবেন না ■ অনলাইন মানি ট্যান্সফার করুন

**JBI ALUMNI ASSOCIATION**
Bank :■ Allahabad Bank ,■ Golpark Branch
■ A/C No. 20789414709
■ IFSC Code : ALLA0210675
■ MICR CODE No. 700010026

পিকনিকের জন্য ঐদিন বাস ছাড়বে স্কুল থেকে সকাল ৮-০০টায়।

| | | |
|---|---|---|
| সুধীরঞ্জন সেনগুপ্ত | সন্দীপ চট্টোপাধ্যায় | শান্তনু বসু |
| সভাপতি | সম্পাদক | আহ্বায়ক |
| ৯৮৩০৯১৩৩১৫ | ৮৯৮১৭৫২১০০ | ৯৪৩৩১৪৮৮৩১ |

**মেনু-** প্রাতঃরাশ - লুচি, আলু ফুলকপি দিয়ে তরকারি, মোয়া, চা

স্টার্টার - চিকেন পকোড়া, বেবিকর্ন, স্যালাড

লাঞ্চ - ভাত, মুগডাল (ফুলকপি, কড়াইশুঁটি সহ) আলুভাজা, আলু-ফুলকপির তরকারি, পারসে মাছের ঝাল (১), দই কাতলা (১), মাংস, চাটনি, পাপড়, নলেন গুড়ের রসগোল্লা(১), আইসক্রিম, পানমশলা। ফেরার আগে বিকেলে - কফি।

## গানে গল্পে উপহারে আড্ডায় ডিনারে

**ReUNION**
JAGADBANDHU INSTITUTION
24 February 2019

২৪ ফেব্রুয়ারির রবিবার বিকেল ৪টে থেকে স্কুল প্রাঙ্গণে।
নাম নথিভুক্ত করুন মাত্র 400/- দিয়ে।

## বিজয়া সম্মিলন হয়ে গেল ২৪ নভেম্বর '১৮

নবরূপে অ্যালমনির ঘর 'উপেন্দ্রনাথ সভাগৃহ' - নতুন সজ্জার পর ২৪ নভেম্বর শনিবার বিকেলে খোলা হল। ঝলমলে আলোয় ঝকঝকে চেহারার সভাঘর দেখে উচ্ছ্বসিত ছিলেন উপস্থিত প্রাক্তনীরা। এরপর অডিটোরিয়ামে অনুষ্ঠান শুরু - মৃত্তিকা ভট্টাচার্যের উদ্বোধনী সংগীতের পর প্রাক্তন সভাপতিদের বরণ অনুষ্ঠান এবং স্মারক দিয়ে সম্মাননা। 'একটি গাছ একটি প্রাণ' ভাবনাকে সামনে রেখে বৃক্ষ বিতরণ। অঞ্জন চন্দ্র'র আবৃত্তি এবং মহিলা সহশিল্পীর গানে মজে গেলেন শ্রোতারা। কবি-প্রাক্তনী প্রতীপ মুখার্জি ('৮৫)-র নিজ কবিতা পাঠ বড়ো প্রাপ্তি। পুনরায় মৃত্তিকার গান। সর্বশেষে শিবরামবাবুর দরাজ গলায় কিশোরকুমারের গানে মাতোয়ারা অডিটোরিয়াম। সঞ্চালনায় মাতালেন ইন্দ্রনীল সরকার ('৯২)।

প্রতিটি শিল্পীর হাতে স্মারক এবং চারাগাছ উপহার তুলে দেওয়াও সেদিনের অনুষ্ঠানর অঙ্গ ছিল। আর ছিল - বিজয়ার মিষ্টিমুখ। বিশেষ কৃতজ্ঞতা - মিষ্টির প্যাকেট যার সৌজন্যে সেই হিমাদ্রি গুণকে ('৮৫)। সমস্ত স্মারক ও চারাগাছ '৮৭-র পার্থ রায় ও দেবদীপ দে'র সৌজন্যে। প্রাক্তনীদের উপস্থিতি এবং উৎসাহ ছিল উল্লেখযোগ্য।

## পিকনিকের পোস্টারে ছয়লাপ









# পিকনিক ২০১৯ ১৩ জানুয়ারি ২০১৬, রবিবার সীতাকুণ্ড, বারুইপুর -



ক বি তা ক বি তা

## রূ পা ন্ত র

দীপাঞ্জন বসু '৬৪

প্রায় বছর চল্লিশ পর
দেখা হয়ে যাবে
এইভাবে
ভাবিনি তো কোনদিন।

চিনতে পারা কঠিন ছিল বেশ,
যদি না আড়ি পেতে খুঁজে
পেতাম মুখবই থেকে
কিছুকাল আগে।

শিশু সাহিত্যের বই এক হাতে
অন্য হাতে নাতি
যেন ঠাকুরমার ঝুলি
বইমেলার মাঠে।

দূর থেকে নিকট হল
এমন দুর্লভ দৃশ্য,
হঠাৎ-ই হাত ছাড়িয়ে
নাতিবাবু লাগালো এক ছুট
ঠাকুমাও তার পিছন পিছন।

আমার রূপান্তর হল ...
আমি এখন বাইশ বছরের যুবা
আমার নাগাল পেতে ছুটেছে
অষ্টাদশী এক তনয়া
কোনো এক পড়ন্ত বিকেলে
এক ক্ষেতের আল ধরে।

সেই থেকে আজও
আমি অধরাই রয়ে গেলাম।

## কৃষ্ণাকে কয়েক লাইন

সুকমল ঘোষ '৬৯

এখন প্রায়ই আমার নির্ঘুম রাত্রি কাটে
চোখের সামনে নেমে আসে
তোমার অন্তহীন শাড়ির বাহার।

এই অমাবস্যার রাত্রিতে
উজ্জ্বল পার্থসারথিরা কোথায় উধাও।
কোথাও শুদ্ধ গাণ্ডীব টঙ্কার নেই,
চতুর্দিকে শকুনিরা পাশা খেলে,
চতুর্দিকে কৃষ্ণারা লাঞ্ছিতা।
এত মেধা, বুদ্ধি, রূপ
কোথায় বন্ধক রেখেছিলে!
বিদ্রোহ করোনি কেন, চাওনি কেন
নিজের প্রিয় পুরুষ।
কী ভাবে প্রাণবিদারী দুঃখ সয়ে
গ্রহণ করেছিলে একের অধিক পুরুষ?
তোমার প্রণয় ভেসে গেল অনাদরে।

কৃষ্ণা, তুমি শান্ত ভাবে রইলে কেন,
উন্মাদিনী হয়ে ভাসিয়ে দিলে না কেন
সম্পন্ন জনপদ, লক্ষ্মীর পট ঝোলামুখী গেহস্থালী?
কৃষ্ণা, তুমি স্বপ্নে সব প্রেমিকের আদর্শ প্রেমিকা।

## জবাবদিহি

শান্তনু চট্টোপাধ্যায় '৮৩

পড়া করেই আসতে হবে ক্লাসে
এই নিয়মে ব্যতিক্রমী যারা
তাদের তুমি ভুল বুঝেছ তবু
নেকনজরে দেখে তোমায় তারা

শব্দ নিলে স্তব্ধ হবে জানি
ধ্বনির কাছে প্রতিধ্বনি চেয়ে
স্বপ্নগুলো ঝাপসা হয়ে যাবে
অশ্রু যদি ঝরে দু'চোখ বেয়ে

কান্না তুমি জমিয়ে রেখেছিলে
রান্নাঘরে, বালিশে, বাথরুমে
বরফ গলে ঝরনা হল তারা
ক্লাস পালিয়ে দুপুরবেলার ঘুমে

পড়া করেই আসবো কাল থেকে
সত্যি কথা! দিব্যি দিয়ে বলি?
তুমি এবার ঝরনা থেকে নদী
নদীর বুকে আমার জমা পলি

**'খেয়া' জগদ্বন্ধু অ্যালমনি অ্যাসোসিয়েশনের মুখপত্র।
মাসিক খেয়া এবং পুনর্মিলন উৎসবে প্রকাশিত
বার্ষিক খেয়া সকলের আপন পত্রিকা হয়ে উঠুক
সকলের অংশগ্রহণে - এই কামনা করি।
সুধীরঞ্জন সেনগুপ্ত '৬৬**

ক বি তা ক বি তা

## সু খ - তা রা

রজত ঘোষ '৮৫

বৃষ্টিস্নাত রাতের
নির্মল নীলে
একরাশ তারা,
নিজেদের উজাড় করে জানাচ্ছে -
আমার সঙ্গে
তারাও আছে।

নির্জন রাত্রির মন্থর মুহূর্তে
ভেসে আসছে
হাসনুহানা,
রাত-জাগা ঝিঁঝিঁ-র শব্দ ...
আর তারা থেকে আসছে
নীল মিশরের আলো -
এক পাত্র
সুমেরীয় মদের মতো
শান্ত শীতলতর তোমার পরশ,
দরবারী রাগে আমাকে
উষ্ণতা দিলে ...
ধেয়ে চললাম
অনন্ত
অযুত
সময় ...
সূর্য ওঠার আগেই
দিয়ে গেলে
তোমার ভালোবাসা ...

সেটা বুঝতে না বুঝতে
ঝরে পড়লে তুমি
সুখ-তারা ...

## কেমন আছো কমলেশ

শৌভিক গাঙ্গুলি '৯২

গড়চা ফার্স্ট লেন থেকে বের হয়ে
বড় রাস্তায় এসে দাঁড়ায় কমলেশ।
ভাবছিল না দেখছিল -
দুটো রাস্তা, চার মোড়, এলাকায় বিরামহীন জীবন।
চল্লিশ বছরের চেনা বাসের সিট ডাইন-আপ ... আপ-ডাইন।
ডাইন আগে, ডাইনে আমি।
দুটো কথা, একটা একটানা রাস্তা, না কি
একটু পেরিয়ে মগ্ন-চড়া।
কমলেশ হাঁটছে। কমলেশ হাঁটছে।
চায়ের দোকান, মনুয়া আর তার চেনা রোজকার খদ্দের,
তিন-চারটে এদিক সেদিক।

কমলেশ জানে তার আয়তক্ষেত্রকার গেস্ট-হাউসের
দেওয়ালে বাসা-বাঁধা জীবনের গুটিপোকাগুলো ইচ্ছে করে
আজো এড়িয়ে চলে পল-গঁগার প্রশ্নগুলো।
"কমলি তুই এখনও আকাশের ছবি আঁকিস?"
- ওই নামে ডাকত স্কুলের বন্ধুরা।
কমলেশ হাঁটছিল, কমলেশ দেখছিল ডুলুং নদীর তীরে
মানুষের বিশ্বাসঘাতকতা,
মানুষ আর মানুষের বাচ্চা -
দশটি আঙুলের সযতন স্পর্শ,
সব কটি আঙুলের ভিন্ন ভিন্ন চরিত্র, যদিও একই হাতের।
কোনোটা দিব্যি চেপে বসে, কোনোটা বসেই না।
অজস্র বার দেখা হয়েছে, এ-হাতে, ও-হাতে কিন্তু তিনের
মধ্যে তিনি অথবা ছয়-সাত অর্থাৎ
তিনজন গোঁ ধরে উদ্দাম নীল দাগ দূর করতে হবে
একদিন জেনেও।

নাম না জানা একটা আশ্চর্য ফুলের গন্ধ পেয়েছিল কমলেশ।
বারবার মনে হয়েছিল শহরের পাশ দিয়ে বয়ে গেছে নদী,
বুকে নিয়ে শহরের উচ্ছিষ্ট।
দেবতাকে দান করা জল তর্পণ করেছে পূর্বপুরুষের।
সারারাত জেগে বুক শুকিয়ে হাসে,
পুতুল হওয়া মানুষ
মুখ থুবড়ে পড়ে দেবতা।
কমলেশ হেঁটে গেছে নদী থেকে মাটির আশ্বাসে।

## নিমডি ১ ২ ৩

অঙ্কন মিত্র (২০০২)

### নিমডি ১

খস্ ক'রে ঝ'রে পড়া পাতা
মাটি ছুঁলো প্রেমের কবিতা ...
লাল ধুলো উড়ে যাওয়া বুকে
শাল ভোগে হলুদ অসুখে ...
পলাশের রং মুঠো ভ'রে
ক্ষত নেব মহুয়ার ঘোরে ...
ঠোঁট থেকে ঠোঁট পাবে শেখা
নির্জনে, সুবর্ণরেখা ...

### নিমডি ২

রাত-জাগা বুড়ো মালগাড়ি
দূরে দূরে হাতে-আঁকা বাড়ি ...
ইঁদারার বহু নীচে জল
মেঠো পথ, ছাগলের দল ...
দলমার পিঠ বেয়ে বেয়ে
চাঁদ ওঠে, সাঁওতালি মেয়ে ...
শিমুলের নু'য়ে পড়া ডাল
মৌচাক, মরা শীতকাল ...
এইখানে পান করি নেশা
শালবনে ভোরের কুয়াশা ...

### নিমডি ৩

পলাশের ক্রুশ দিয়ে গাঁথা
রক্ত ও দেহের কবিতা
মহুয়ার স্তন ছেঁচে গড়া
যুদ্ধ ও নেশার মহড়া
খেউড়ের ভাব ধার ক'রে
সিঁদ্ দিব ... বঁধু তোর ঘরে!



মহেন্দ্র লাল দত্ত®

mld®

MOHENDRA LAL DUTT

A TRADITION OF TRUST

SINCE: 1882

47/3B, GARIAHAT ROAD,
KOLKATA-700019

Phone: 033 24631168

(M) 9830174960 / 9903731550

website: www.mldumbrella.com

(জগদ্বন্ধু প্রাক্তনীর অস্থিজয়)

An Advanced Physiotherapy Unit
with Latest Equipments

TFPC **The Flex Physiotherapy Care**

(We keep you moving)

**80, Rajdanga Gold Park, Ground Floor,**
**Rajdanga Nabapally, Rash Bihari Connector**
**Kolkata - 107** (Beside Frank ross & ICICI Bank, Rajdanga)

**WE TREAT**

- LUMBER SPONDYLOSIS
- CERVICAL SPONDYLOSIS
- TENNIS ELBOW
- PLANTAR FASCIITIS
- OSTEOARTHRITIS
- RHEUMATOID ARTHRITIS
- FROZEN SHOULDER
- POST FRACTURE AND SURGERY REHABILITATION
- POST STROKE
- BELL'S PALSY
- KINESIOLOGY TAPING

**ELECTROTHERAPY SERVICES**

- UST
- IFT
- TENS
- STIMULATION
- LASER THERAPY
- LONG WAVE DIATHERMY
- MOIST HEAT THERAPY
- AUTO TRACTION
- SHORT WAVE DIATHERMY
- WAX BATH

**ECG done here**

SANDIP SENSARMA (PT)
Physiotherapist & Occupational Therapist

Emergency Call : 9831 44 5099, 9830 85 5718
Chamber : 9831 11 2340
Whats App No.: 9831 44 5099
Visit Us: http://theflexphysio.com/
https://www.facebook.com/theflexphysiocare

Call Us :

We attend house call also.

# PIXEL PERFECT



**LAPTOP REPAIRING**
**@Rs.700 onwards**



**DESKTOP REPAIRING**
**@Rs.300 onwards**

**Bring your system for any of the following problems....**

- System on but no display
- System Dead
- System on but not booting
- System Freeze
- Improper Restart
- Improper Shutdown
- Display Problem
- Coloured Display
- Wide Screen
- System not running on adapter
- System not running on battery
- Battery Charging and Discharging problem...

call: 9830805688

যার খাবার খেলেই মন ভালো হয়ে যায়

গুণ ক্যাটারার

৪২/৪৩ ইষ্ট এণ্ড পার্ক, কলকাতা – ৩৯

০৩৩ ২৩৪৩ ৯৬৮৮

৯৮৩১০০১১০৯ / ৭০০৩৬৬৮৯৬৩



*Printed & Published by Rajat Ghosh on behalf of owner Ballygunge Jagadbandhu Institution Alumni Association, Printed at Print Gallery, 189F/2 Kasba Rd, Kolkata - 42. 24 Pgs(S). Published at 25, Fern Rd, Kolkata-700 019. Publisher's Name : Rajat Ghosh. Address 2L, Garcha 1st Lane, Kolkata-700 019.*